খুলনায় বাসের ধাক্কায় নারী নিহত

খুলনায় সোহাগ পরিবহনের একটি বাসের ধাক্কায় মনিরা বেগম (৪৫) নামে এক নারী নিহত হয়েছেন। রোববার সকাল ৮টার দিকে নগরীর শিরোমণি মীর বাড়ি এলাকায় এ দূর্ঘটনা ঘটে।
প্রত্যক্ষদর্শিরা জানিয়েছেন, সকালে ওই এলাকায় রাস্তা পার হওয়ার সময় ঢাকা থেকে খুলনাগামী সোহাগ পরিবহনের বাসের সাথে ধাক্কা লাগে তার। এ সময় বেশ কিছু দুর ছিটকে পড়েন তিনি। এতে তার মাথায় আঘাত লাগে। স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার পথে তিনি মারা যান।
নগরীর খানজাহান আলী থানার ওসি মো. শফিকুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি জানান, নিহতের মরদেহ ময়না তদন্তের জন্য খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।